গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর**
**পাইকগাছা**

**এবং**

**জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর**
**খুলনা**

**এর মধ্যে স্বাক্ষরিত**

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**(Annual Performance Agreement)**

**জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫**

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | |
| প্রস্তাবনা | |
| সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | |
| সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) | |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

মৎস্যখাত উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠার অগ্রযাত্রায় গুরুত্বপুর্ণ অংশীদার। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী মৎস্যখাতে জিডিপি প্রবৃদ্ধি ২.৪১ শতাংশ এবং কৃষিজ জিডিপি'র ২২.১৪ শতাংশ মৎস্যখাতের অবদান। দৈনন্দিন মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ দাড়িয়েছে ৬৭.৮০ গ্রাম (এইচআইইএস, ২০২২)। বিগত তিন অর্থবছরে (২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩) মোট মৎস্য উৎপাদন ছিল ৪৬.২১, ৪৭.৫৯ ও ৪৯.১৫ লক্ষ মেট্রিক টন। বিগত তিন অর্থবছরে (২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩) ৭৬৫৯১.৬৯, ৭৪০৪২.৬৭ ও ৬৯৮৮০.৫৯ মে.টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি করে যথাক্রমে ৪০৮৮.৯৬, ৫১৯১.৭৫ ও ৪৭৯০.৩৪ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছ উৎপাদন ও বদ্ধ জলাশয়ে চাষকৃত মাছ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৩য় ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও, ২০২২)।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগত মানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র সংকুচিত ও বাধাগ্রস্ত হওয়া;
- গলদা ও বাগদা চাষের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও ভাইরাসমুক্ত পিএল এর অপর্যাপ্ততা;
- অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা অপ্রতুল; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের মজুদ নির্ণয়, স্থায়িত্বশীল আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

সরকারের নির্বাচনী ইশতেহার, ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে উন্নীতকরণ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০২১-২০২৫) মৎস্য সেক্টরে অর্জিতব্য প্রধান লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে:

- চাষকৃত মাছের উৎপাদন ২০১৯-২০ সালের (২৫.৮৩ লক্ষ মেট্রিক টন) তুলনায় ১২.৫০ শতাংশ এবং মোট মাছের উৎপাদন ১১ শতাংশ বৃদ্ধি করা;
- দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৭৩ গ্রাম নিশ্চিত করা;
- হিমায়িত চিংড়ি, মাছ ও ভ্যালু অ্যাডেড মৎস্যপণ্য রপ্তানি বৃদ্ধিকরণ;
- বেকার যুবক ও যুবমহিলাদের জন্য অধিকতর কর্মসংস্থান সৃষ্টি ও মৎস্যচাষে ২০-২৫ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- আন্তর্জাতিক বাজারে মাছ ও চিংড়ি সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- পাইকগাছা উপজেলায় ০১টি প্রদর্শনী মৎস্য খামার ও ০১টি বিল নার্সারি স্থাপন, ০.৩০ মেট্রিক টন পোনা মাছ অবমুক্তকরণ, এবং ১৫টি মৎস্য খাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও নবায়ন;
- দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ২০০ জন মৎস্যচাষি/সুফলভোগী ও ০০ জন মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান; ৩৯০ টি মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান;
- মৎস্যসম্পদ উন্নয়নে ৩৫টি অভিযান পরিচালনা, ২৫ জন মৎস্যজীবীর বিকল্প কর্মসংস্থান সৃষ্টি; এবং
- এ সকল কার্যক্রমের মাধ্যমে ২০২৪-২৫ অর্থবছরে মাছের উৎপাদন ৬০০০ মেট্রিক টনে উন্নীতকরণে অবদান রাখা।

প্রস্তাবনা **(Preamble)**

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাইকগাছা**

এবং

**জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, খুলনা** এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১:

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প

মৎস্য ও মৎস্যজাত উৎস হতে প্রাণিজ আমিষের পুষ্টি চাহিদা পূরণ, দারিদ্র্য হ্রাস ও রপ্তানি আয় বৃদ্ধি।

১.২ অভিলক্ষ্য

সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য ও চিংড়িসহ অন্যান্য গুরুত্বপূর্ণ জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে গুণগত মানের পুষ্টি চাহিদা পূরণ এবং রপ্তানি আয় বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন'

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
২. স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা;
৩. নিরাপদ মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে নিরাপদ খাদ্য সরবরাহ; এবং
৪. দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি

১. বিল নার্সারি স্থাপন;
২. জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ;
৩. জলাশয়ভিত্তিক মৎস্যজীবীদের সংগঠিত করা ও পরিচালনা;
৪. মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি /উদ্বুদ্ধকরণ;
৫. মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ;
৬. মৎস্যচাষ প্রযুক্তি ও সী-উইড চাষ প্রযুক্তি সম্প্রসারণ;
৭. মৎস্য খামার যান্ত্রিকীকরণ ও মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন
৮. মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও মৎস্য খাদ্য পরীক্ষা;
৯. মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান;
১০. সরকারি হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন;
১১. উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন;
১২. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
১৩. মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান; এবং
১৪. মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি।

## সেকশন ২

## মৎস্য অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত** | | লক্ষ্যমাত্রা** ২০২৪-২৫ | প্রক্ষেপণ** | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩* | ২০২৩-২৪* | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | |
| মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ বৃদ্ধি | মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ | ওজন (গ্রাম/দিন) | ৬৭.৮০ | ৬৯.২৫* | ৭৩.০০ | ৭৫.৫০ | ৭৬.৫০ | ভূমি মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী সংস্থা | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মাছের উৎপাদন বৃদ্ধি | মাছ উৎপাদনের পরিমাণ** | মে.টন | ৫৮০০ | ৫৯০০ | ৬০০০ | ৬১০০ | ৬২৫০ | স্থানীয় প্রশাসন, উন্নয়ন সহযোগী সংস্থা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, এফআরএসএস |

* সাময়িক (Provisional) তথ্য

# সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ | প্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৫-২৬ | ২০ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ** (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী, সর্বোচ্চ ৫টি) | | | | | | | | | | | | | | | |
| ০[১] টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৫ | [১.১] বিল নার্সারি স্থাপন | [১.১.১] স্থাপিত বিল নার্সারি | সমষ্টি | সংখ্যা | ৮ | ৩ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | |
| | | [১.২] জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | সমষ্টি | পরিমাণ (মে.টন) | ৮ | ০.৪০ | ০.২০ | ০.৩০ | ০.২৭ | ০.২৪ | ০.২০ | ০.১৮ | ০.৩৫ | |
| | | [১.৩] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.৩.১] পরিচালিত অভিযান | সমষ্টি | সংখ্যা | ৯ | ২৮ | ৩০ | ৩৫ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৪০ | |
| [২] স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা | ২৫ | [২.১] মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ | [২.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | |
| | | | [২.১.২] আয়োজিত মাঠ দিবস/মত বিনিময় সভা/সচেতনতামূলক সভা/ পরামর্শ দিবস/আয়োজিত মৎস্য মেলা/মৎস্যচাষি র‍্যালি (সংখ্যা) | সমষ্টি | সংখ্যা | ২ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | |
| | | | [২.১.৩] পরীক্ষণকৃত এসপিএফ (SPF) চিংড়ি পিএল উৎপাদন (টি) | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ৫ | ২ | ২ | ২ | ১ | ১ | ২ | |
| | | [২.২] নতুন সংযোজিত অধিক ফলনশীল ও রপ্তানিযোগ্য ভেনামী চিংড়ি চাষ সম্প্রসারণ সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | [২.২.১] আয়োজিত উদ্বুদ্ধকরণ/ সচেতনতামুলক সভা | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৭ | |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ | প্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৫-২৬ | ২০২ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | |
| | | [২.৩] আইওটি (IOT)-বেইজড সরকারী/বেসরকারী খামার যান্ত্রিকীকরণ ও উৎপাদন ব্যবস্থাপনা স্থাপন | [২.৩.১] উন্নয়ন সহায়তা / চাষির নিজ উদ্যোগে স্থাপিত যন্ত্রপাতি | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | |
| | | [২.৪] মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন | [২.৪.১] তৈরি/উন্নয়নকৃত মৎস্য/চিংড়ি উৎপাদন/বিপণন ও সংশ্লিষ্ট অন্যান্য সংগঠন (সংখ্যা) | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | |
| | | [২.৫] মৎস্য খাদ্য ও উপকরণ ব্যবস্থাপনা | [২.৫.১] প্রদানকৃত/ নবায়নকৃত মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০ | ১০ | ১৫ | ১৩ | ১২ | ১০ | ৮ | ২০ | |
| | | | [২.৫.২] পরীক্ষিত মৎস্য খাদ্য নমুনা | সমষ্টি | সংখ্যা | ২ | ৬ | ৬ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৮ | |
| | | [২.৬] মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [২.৬.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | ৩৫০ | ৩৯০ | ৩৯০ | ৩৫০ | ৩১৫ | ২৭০ | ২৩০ | ৪২০ | |
| [৩] মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ব নিরাপদ খাদ্য সরবরাহ | ১০ | [৩.১] উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | [৩.১.১]ক্লাস্টার ফার্মিং উন্নয়ন ও সম্প্রসারণ (সংখ্যা) | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | |
| | | [৩.২] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [৩.২.১] পরিচালিত অভিযান(সংখ্যা) | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ২ | ৩ | ২ | ২ | ১ | ১ | ৪ | |
| [৪] দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ | ১০ | [৪.১] মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষি, মৎস্যজীবীসহ অন্যান্য সুফলভোগী | সমষ্টি | সংখ্যা (জন) | ৫ | ১৫০ | ২১০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২৫০ | |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ | প্র… |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৫-২৬ | ২০২… |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | |
| সৃষ্টি | | [৪.২] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [৪.২.১] সম্পৃক্ত সুফলভোগী | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৫০ | ৫০ | ২৫ | ২০ | ১৫ | ১২ | ১০ | ৩০ | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাইকগাছা হিসাবে জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, খুলনা এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, খুলনা হিসাবে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাইকগাছা এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

----------------------------------------------------- ২৫.০৬.২৪
---------------------------------

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
পাইকগাছা।

তারিখ

----------------------------------------------------- ২৫.০৬.২৪
---------------------------------

জেলা মৎস্য কর্মকর্তা
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
খুলনা।

তারিখ

# সংযোজনী-১: শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | আইইউইউ | ইল্লিগ্যাল, আনরিপোর্টেড এন্ড আনরেগুলেটেড |
| ২ | এআইজি | অলটারনেটিভ ইনকাম জেনেরেটিং |
| ৩ | এনজিও | নন গভর্নমেন্ট অর্গানাইজেশন |
| ৪ | এফআইকিউসি | ফিশ ইন্সপেকসন এন্ড কোয়ালিটি কন্ট্রোল |
| ৫ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেন |
| ৬ | এমওএফএল | মিনিস্ট্রি অব ফিশারিজ এন্ড লাইভস্টক |
| ৭ | এমসিএস | মনিটরিং, কনট্রোল এন্ড সার্ভিলেন্স |
| ৮ | এসপিএফ | স্পেসিফিক প্যাথোজেন ফ্রি |
| ৯ | জিডিপি | গ্রস ডমেস্টিক প্রডাক্ট |
| ১০ | ডিওএফ | ডিপার্টমেন্ট অব ফিশারিজ |
| ১১ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিক্স |
| ১২ | সিসিআরএফ | কোড অব কন্ডাক্ট ফর রেসপনসিবল ফিসারিজ |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্র. নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. | [১.১] বিল নার্সারি স্থাপন | [১.১.১] স্থাপিত বিল নার্সারি | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি ও স্থিরচিত্র/ভিডিও |
| ২. | [১.২] জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি, স্থিরচিত্র/ভিডিও এবং প্রভাব নিরূপন প্রতিবেদন |
| ৩. | [১.৩] মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ | [১.৩.১] স্থাপিত নতুন মৎস্য অভয়াশ্রম | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | স্থাপিত নতুন মৎস্য অভয়াশ্রমের তলিকা, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| | | [১.৩.২] রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রম | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রমের তলিকা, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| ৪. | [১.৪] সংগঠিত ফিশ ফার্মার স্কুল সদস্যদের জলবায়ু সহনশীল মাছচাষ প্রযুক্তি ও জলাশয় ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতা সৃষ্টি | [১.৪.১] আয়োজিত উদ্বুদ্ধকরণ/ সচেতনতামূলক সভা | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তরসমূহ **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | সচেতনতামূলক সভার নোটিশ ও উপস্থিত অংশগ্রহণকারীদের তালিকা |
| ৫. | [১.৫] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.৫.১] পরিচালিত অভিযান | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| ৬. | [২.১] মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ | [২.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| | | [২.১.২] আয়োজিত মাঠ দিবস/মত বিনিময় সভা/সচেতনতামূলক সভা/ পরামর্শ দিবস/আয়োজিত মৎস্য মেলা/মৎস্যচাষি র‍্যালি (সংখ্যা) | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| | | [২.১.৩] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| | | [২.১.৫] উৎপাদিত/সরবরাহকৃত এসপিএফ (SPF) চিংড়ি পিএল | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | এসপিএফ (SPF) পিএল এর পিসিআর টেস্ট |
| ৭. | [২.২] নতুন সংযোজিত অধিক ফলনশীল ও রপ্তারিযোগ্য ভেনামী চিংড়ি চাষ সর্ম্পকিত কার্যক্রম বাস্তবায়ন | [২.২.১] আয়োজিত উদ্বুদ্ধকরণ/ সচেতনতামূলক সভা | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| ৮. | [২.৩] মৎস্য খামার যান্ত্রিকীকরণ | [২.৩.১] উন্নয়ন সহায়তা / চাষির নিজ উদ্যোগে স্থাপিত যন্ত্রপাতি | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| | | [২.৩.২] আইওটি (IOT)- বেইজড যান্ত্রিকীকরণকৃত সরকারী/বেসরকারী খামার | **বাস্তবায়নকারী:** উপজেলা/জেলা মৎস্য দপ্তরসমূহ **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | গৃহীত কার্যক্রমের সচিত্র প্রতিবেদন |

| ক্র. নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ৯. | [২.৪] মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন | [২.৪.১]তৈরি/উন্নয়নকৃত মৎস্য/চিংড়ি উৎপাদন/বিপণন ও সংশ্লিষ্ট অন্যান্য সংগঠন (সংখ্যা) | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি, সংগঠনের সভার উপস্থিতি ও স্থিরচিত্র |
| ১০. | [২.৫] মৎস্য খাদ্য ও মৎস্য খাদ্য উপকরণ ব্যবস্থাপনা | [২.৫.১] প্রদানকৃত/নবায়নকৃত মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স | **বাস্তবায়নকারী:** জেলা/উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি |
| | | [২.৫.২] পরীক্ষিত খাদ্য নমুনা | **বাস্তবায়নকারী:** জেলা/উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি |
| ১১. | [২.৬] মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [২.৬.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি |
| ১২. | [২.৭] হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন | [২.৭.১] উৎপাদিত রেণুর পরিমাণ | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর/মৎস্য বীজ উৎপাদন খামার **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি |
| ১৩. | [৩.১] উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | [৩.১.১]ক্লাস্টার ফার্মিং উন্নয়ন ও সম্প্রসারণ (সংখ্যা) | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি |
| | | [৩.১.২] আয়োজিত উদ্বুদ্ধকরণ/ সচেতনামুলক সভা | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | সচেতনতামূলক সভার নোটিশ ও উপস্থিত অংশগ্রহণকারীদের তালিকা |
| ১৪. | [৩.২] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [৩.৫.১] পরিচালিত অভিযান(সংখ্যা) | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | মোবাইল কোর্ট ও অভিযান এর বিবরণসহ তালিকা |
| ১৫. | [৪.১] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | জেলা/উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন, হাজিরা ও স্থিরচিত্র |
| ১৬. | [৪.২] মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষি, মৎস্যজীবীসহ অন্যান্য সুফলভোগী | **বাস্তবায়নকারী:** জেলা/উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | জেলা/উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন, হাজিরা ও স্থিরচিত্র |
| ১৭. | ৪.৩] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [৪.৩.১] সম্পৃক্ত সুফলভোগী | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিষ্টারের ফটোকপি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ | স্থাপিত/রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রম | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অফিশিয়াল পত্র, ইমেইল ও টেলিফোনিক যোগাযোগ |
| মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ | স্থাপিত/রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রম | ভূমি মন্ত্রণালয় | অফিশিয়াল পত্র, ইমেইল ও টেলিফোনিক যোগাযোগ |
| এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | পরিচালিত অভিযান | মন্ত্রী পরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ অর্থ মন্ত্রণালয়/নৌবাহিনী/কোস্টগার্ড/বাংলাদেশ পুলিশ/ নৌপুলিশ/ র‍্যাব/জেলা ও উপজেলা প্রশাসন | অফিশিয়াল পত্র, ইমেইল ও টেলিফোনিক যোগাযোগ |
| মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | পরিচালিত অভিযান | মন্ত্রী পরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ অর্থ মন্ত্রণালয়/নৌবাহিনী/কোস্টগার্ড/বাংলাদেশ পুলিশ/ নৌপুলিশ/ র‍্যাব/জেলা ও উপজেলা প্রশাসন | অফিশিয়াল পত্র, ইমেইল ও টেলিফোনিক যোগাযোগ |

**পরিশিষ্ট খঃ**

**মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সুশাসনমূলক কর্মপরিকল্পনাসমূহ**

**সংযোজনী ৪-৮**